



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয় : ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন : ৯৫৫১০৯৬, পিএবিএক্স: ৯৫৫১৪১৪, ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯৯৫১-২, ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬১৮২৫

পোস্ট বক্স নং-৩৪৫, ৬২৫, জি.পি.ও. ঢাকা, ই-মেইল: info@jbc.gov.bd, ওয়েব সাইট: www.jbc.gov.bd

স্মারক নং ৫৩.১৯.০০০০.০০২.২৭.০০০.২১- ৪৯৮

তারিখ: ০৯/০৫/২০২১


বিষয়ঃ সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার।

যেহেতু, জনাব মোহাম্মদ ইয়াফেস আলী, সহকারী জেনারেল ম্যানেজার, টি/এ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা-কে অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগের কারণে গত ২৯/০৪/২০২১ তারিখের ৫৩.১৯.৯০০১.০০২.১৯.০০০.১৫.-৪৭২ সংখ্যক পত্রে কর্পোরেশনের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। সে প্রেক্ষিতে তিনি গত ০২/০৫/২০২১ তারিখে কর্তৃপক্ষ বরাবরে একখানা লিখিত আবেদন দাখিল করেন ;

যেহেতু, জনাব মোহাম্মদ ইয়াফেস আলী, সহকারী জেনারেল ম্যানেজার তার আবেদনে উল্লেখ করেন তিনি প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত থাকলেও তার পরিবারবর্গ রাজশাহীতে অবস্থান করে, কারণ তার একমাত্র কন্যা সন্তান বুয়েটে ৩য় বর্ষে অধ্যয়নরত আছে। কিছু দিন পূর্বে তার স্ত্রীর ভাই ও ভগ্নিপতি মৃত্যুবরণ করলে তার স্ত্রী মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ে। এরপর তার মেয়ে স্ত্রী দুজনেই করোনার উপসর্গ নিয়ে ভুগতে থাকে। তাদের চিকিৎসায় সাহায্যের জন্য তার রাজশাহীতে যাওয়ার প্রয়োজন ছিল যা জেনারেল ম্যানেজার-টি/এ-কে অবহিত করেছিলেন। কিন্তু করোনা ভাইরাসের কারণে যোগাযোগ ব্যবস্থা সীমিত থাকায় তিনি রাজশাহীতে যেতে পারেননি। গত ১৩/০৪/২০২১ তারিখ বিকালে হঠাৎ রাজশাহীতে যাওয়ার একটি মাধ্যম পেয়ে তাৎক্ষণিক সেদিন তিনি রাজশাহীতে গমন করেন। সেখানে গিয়ে তিনিও শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েন এবং লগডাউনের সময় বেড়ে যাওয়ায় ঢাকাতে ফিরতে তার বিলম্ব হয়। রাজশাহীতে অবস্থান করলেও তিনি টি/এ ডিভিশনের কর্মকর্তা/কর্মচারীগণের সাথে সার্বক্ষণিক মোবাইলে যোগাযোগ রাখেন এবং ইমেইলে ও ই-নথির মাধ্যমে কাজকর্ম অব্যাহত রাখেন। বিভিন্ন দৃশ্চিন্তার মধ্যে হঠাৎ রাজশাহী যাওয়ার সিদ্ধান্ত নেয়ায় কর্মস্থল ত্যাগের অনুমতি নিতে পারেননি। তার এ অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি কর্তৃপক্ষের নিকট ক্ষমা প্রার্থনা করেছেন ;

যেহেতু, তার রাজশাহীতে যাওয়ার বিষয়ে জেনারেল ম্যানেজার-টি/এ-কে অবহিত করেছিলেন এবং তার লিখিত আবেদনে তার অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। যা সন্তোষজনক বলে বিবেচিত হয়েছে ;

সেহিতু, এক্ষনে জনাব মোহাম্মদ ইয়াফেস আলী, সহকারী জেনারেল ম্যানেজার, টি/এ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা-কে অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগের কারণে গত ২৯/০৪/২০২১ তারিখের ৫৩.১৯.৯০০১.০০২.১৯.০০০.১৫.-৪৭২ সংখ্যক পত্রে আনীত অভিযোগ ও সাময়িক বরখাস্তাদেশ হতে অব্যাহতি প্রদান করা হলো। একই সাথে তার আবেদন মোতাবেক ১৪/০৪/২০২১ হতে ২৯/০৪/২০২১ তারিখ পর্যন্ত ১৬ (ষোল) দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।


০৯/০৫/২১
(সেখ কামাল হোসেন)

জেনারেল ম্যানেজার-প্রশাসন।

জনাব মোহাম্মদ ইয়াফেস আলী
সহকারী জেনারেল ম্যানেজার
টি/এ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। জেনারেল ম্যানেজার (সকল)-----
- ২। রিজিওনাল ইনচার্জ (সকল)-----
- ৩। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৪। পি.এস টু এম.ডি (ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। ব্যক্তিগত নথি।